

বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) টিমের সভার কার্যবিবরণী

সভার তারিখ: ৩০ জুলাই, ২০১৯ খ্রি।

সময়: সকাল ১০.৩০মিনিট।

স্থান: টিম লিডার মহোদয়ের অফিস কক্ষ।

সভার শুরুতে টিম লিডার জনাব ড. মো: এখলাছ উদ্দিন, উপপরিচালক, নাটা উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন।
অতঃপর আলোচ্য সূচি অনুযায়ী ফোকাল পয়েন্ট কর্মকর্তা, মোছা: শারমীন আখতারকে সভা পরিচালনা করার অনুরোধ জানান।

ক্র. নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ), ২০১৮-১৯ এর মূল্যায়ন।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা মোছা: শারমীন আখতার সভাকে জানান যে, গত অর্থ বছরে (২০১৮-১৯) বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির মূল্যায়নে নাটার অর্জন ৯৭%। আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ২.৫ নং পিআরএল ও ছুটির নগদায়নপত্র জারি এবং ২.৬ নং শূণ্য পদের বিপরীতে নিয়োগ প্রদান এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়।	ক) চলতি ২০১৯-২০ অর্থ বছরে নাটা হতে পিআরএল এ যাওয়া কর্মকর্তা /কর্মচারীর কমপক্ষে দুই মাস আগে পিআরএল আদেশ জারি এবং ছুটির নগদায়ন বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য কল্যাণ কর্মকর্তাকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়। খ) শূণ্য পদের বিপরীতে যথাসময়ে নিয়োগ প্রদানের বিষয়টি উপপরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস), নাটা কে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	ক)নাটার দায়িত্বপ্রাপ্ত কল্যাণ কর্মকর্তা। খ)উপপরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)
২.	বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি, ২০১৯-২০ এর অগ্রগতি।	মোছা: শারমীন আখতার উপস্থিত সভাকে জানান যে, চলতি অর্থ বছরে এপিএ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বছরের শুরুতেই সকলকে উদ্যোগী হতে হবে। আগামী আগষ্ট মাস হতে নাটার প্রশিক্ষণ শুরু হবে। সংশ্লিষ্ট প্রমাণকসমূহ যথাযথভাবে সংরক্ষণ এবং এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট সরবরাহের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে জানানো প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	নাটার ওয়েবসাইটে সকল প্রমাণকসমূহ সময়মত আপলোড করার ও মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) সংশ্লিষ্ট কর্মকর্তা ও এপিএ টিমের টিম লিডারসহ সকল সদস্য।

সভায় আর কোন আলোচনা না থাকায় টিম লিডার উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ড. মো: এখলাছ উদ্দিন
উপপরিচালক, নাটা, গাজীপুর
ও

টিম লিডার, এপিএ টিম
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি
গাজীপুর-১৭০১

বিতরণ - সদয় জ্ঞাতার্থেঃ

১। মহাপরিচালক, নাটা, গাজীপুর।

২। পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ), নাটা, গাজীপুর।

২। ড. মো: এখলাছ উদ্দিন, উপপরিচালক, নাটা, গাজীপুর ও টিম লিডার, এপিএ টিম।

৩। ড. মোঃ সাইদুর রহমান, উপপরিচালক, নাটা, গাজীপুর ও সদস্য, এপিএ টিম।

৪। মো: হাফিজ হাসান, সিনিয়র সহকারী পরিচালক, নাটা, গাজীপুর ও সদস্য, এপিএ টিম।

৫। সুমাইয়া শারমীন, প্রকাশনা কর্মকর্তা, নাটা, গাজীপুর ও সদস্য, এপিএ টিম।